

যায়যায়দিন

মোবাইল নাম্বার পোর্টিবিলিটি সেবা দেশের নিম্ন আয়ের মানুষের জন্য অনুপযোগী

যাযাদি রিপোর্ট



মোবাইল নাম্বার
পোর্টিবিলিটি
(এমএনপি) সেবা
বাংলাদেশের স্বল্প
আয়ের মোবাইল
ব্যবহারকারীদের
জন্য অনুপযোগী।
শ্রীলঙ্কা-ভিত্তিক
এশিয়া-প্রশান্ত

মহাসাপত্রের অঞ্চলের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক গবেষণা প্রতিষ্ঠান লর্নএশিয়ার গবেষণায় এ তথ্য বেরিয়ে এসেছে। প্রতিষ্ঠানটি দক্ষিণ এশিয়ার ছয়টি দেশে 'টেলিইউজ অ্যাট দ্য বটম অফ দ্য পিরামিড (বিওপি)' শিরোনামে এ গবেষণা চালিয়েছে। এমএনপি সেবা হলো একই মোবাইল নাম্বার ব্যবহার করে যখন বুশি যে কোনো অপারেটরে পরিবর্তিত হয়। এক অপারেটরের সেবা পছন্দ না হলে অন্য অপারেটরের সেবা গ্রহণ করা যেখানে গ্রাহকের মোবাইল নাম্বারটি অপরিবর্তিত থাকে। এমএনপির গবেষণা দলের প্রধান তাহানি ইকবাল এ গবেষণায় দেখিয়েছেন, দক্ষিণ এশিয়ার মোবাইল ব্যবহারকারী বিশেষ করে স্বল্প আয়ের জনগোষ্ঠীর মধ্যে এমএনপি সেবা গ্রহণের সজ্জাবনা খুবই কম। এই শ্রেণীর মোবাইল ব্যবহারকারী কোনো একটি নাম্বারের প্রতি অনুতপ্ত থাকে না। তারা সামাজিক যোগাযোগের রুটাই মোবাইল ফোন ব্যবহার করে থাকে। বাংলাদেশের ১০ শতাংশ বিগুপি শ্রেণীর মোবাইল ব্যবহারকারী একাধিক মোবাইল দিন ব্যবহার করে থাকেন, যা এমএনপি সেবা গ্রহণের ক্ষেত্রে অন্যতম প্রতিবন্ধকতা।